

সহিংসতায় ক্ষতিগ্রস্ত শিক্ষা প্রতিষ্ঠান দ্রুত মেরামত করা হবে

শিক্ষামন্ত্রী

■ ইত্তেফাক রিপোর্ট

নির্বাচনী সহিংসতায় ক্ষতিগ্রস্ত সাত্বে পাঁচ শতাধিক স্কুল-কলেজ ও মাদ্রাসা মেরামত এবং সংস্কারের কাজ দ্রুত সংস্কার করার কথা জানিয়েছেন শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেন, এ বিষয়ে বিস্তারিত তথ্য সংগ্রহ চলেছে। মঙ্গলবার রাজধানীর দক্ষিণখানে ক্ষতিগ্রস্ত জায়েদাবাদ সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিদর্শনকালে সাংবাদিকদের একথা বলেন শিক্ষামন্ত্রী। তিনি জানান, প্রাথমিক হিসেব অনুযায়ী, ৪১৯টি প্রাথমিক বিদ্যালয়, ৮২টি মাধ্যমিক বিদ্যালয়, ২১টি মাদরাসা ও ৯টি কলেজ ক্ষতিগ্রস্ত হয়েছে।

শিক্ষামন্ত্রী বলেন, নির্বাচন প্রতিরোধের নামে প্রতিষ্ঠানের ওপর বর্বরোচিত ও অব্যবহিক হানসা করে দেশের শিক্ষা ব্যবস্থাকে পরিকল্পিতভাবে ধ্বংস করার অপচেষ্টা চলেছে।

মুক্তিমুক্ত বিরোধী শক্তি দেশের পাঁচ শতাধিক শিক্ষা প্রতিষ্ঠান জ্বালিয়ে-পুড়িয়ে সভ্যতাবিনাশী অপকর্ম চালিয়েছে। এদেশের আন্দোলন সংগ্রামের ইতিহাসে এরকম জঘন্য অপকর্ম এই প্রথম।